

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
উজিরপুর, বরিশাল।
bbs.wazirpur.barisal.gov.bd

নং-৫২.০১.০৬৯৪.০০০.০৫.০০৩.২৩-০২৬

তারিখঃ ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

নোটিশ

উপর্যুক্ত বিষয়ের আলোকে উজিরপুর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নধীন অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পের আওতায় উজিরপুর উপজেলার সকল ইউনিয়নের ও পৌরসভার মধ্যে জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ যারা মূল শুমারিতে গণনাকারী ও সুপারভাইজার হিসাবে কাজ করেছেন, তাদের মধ্যে হতে অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্পে তালিকা কার্যক্রম ও মূল শুমারিতে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন করা হবে। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত আবেদন ফরমে আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সরাসরি উপজেলা পরিসংখ্যান অফিস, উজিরপুর, বরিশাল জামাদানের জন্য অনুরোধ করা হলো।

মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান: ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ, সকাল: ০৯:৩০ ঘটিকা

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উজিরপুর, বরিশাল

শর্তাবলি:

- ০১। উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.wazirpur.barisal.gov.bd) থেকে ডাউনলোড করে স্ব-হস্তে পূরণ করে আবেদন করতে হবে।
- ০২। জনশুমারি ও গৃহগণনা-২০২২ এ যারা মূল শুমারিতে গণনাকারী ও সুপারভাইজার হিসাবে কাজ করেছেন, শুধুমাত্র তারা আবেদন করতে পারবেন। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নোটিশের নির্ধারিত তারিখই চূড়ান্ত বলে গণ্য হবে এবং এর বাইরে কাউকে মোবাইল ফোনে বা ম্যাসেজ দিয়ে জানানো হবে না।
- ০৩। ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ০৪। জাতীয় পরিচয়পত্র এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। এক কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। বিকাশ এ্যাকাউন্ট আছে এমন মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।
- ০৭। কাজের মেয়াদ শুধুমাত্র মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালীন সময় পর্যন্ত।
- ০৮। প্রকল্পের সংস্থান অনুযায়ী পারিশ্রমিক প্রাপ্ত হবেন।


(মোঃ নূর হোসেন হাওলাদার)

সদস্য-সচিব

তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার
নির্বাচন কমিটি

অর্থনৈতিক শুমারি-২০২৩ প্রকল্প
উজিরপুর, বরিশাল

✉ uso.ujirpur@gmail.com